

1.2 শিক্ষার সংজ্ঞা (Definition of Education)

শিক্ষার ধারণাকে পরিষ্কারভাবে জানার জন্য কয়েকটি পর্যায়ে ভাগ করে আলোচনা করা হল—

A. শিক্ষা সম্পর্কে ষাটীন ভারতীয় ধারণা

ষাটীন ভারতীয় ধর্মীয় ও অন্যান্য বিভিন্ন গ্রন্থে বহু চিন্তাবিদদের শিক্ষা সম্পর্কে ধারণা হল—

ঋগ্ বেদে (Rig veda) বলা হয়েছে—“Education is something which makes a man self-reliant and selfless.” অর্থাৎ, শিক্ষা হল এমন কিছু যা একজন মানুষকে আত্মনির্ভরশীল এবং স্বর্গীয় করে গড়ে তোলে।

ঐপনিষদে বলা হয়েছে—“Education is that whose end product is salvation.” অর্থাৎ, শিক্ষা মানুষকে সংস্কারমুক্ত করে তোলে।

ভগবদ্গীতায় বলা হয়েছে—“Nothing is more purifying on earth than knowledge.” অর্থাৎ, পৃথিবীতে জ্ঞানের চেয়ে পরিভ্রতর জিনিস আর কিছু হতে পারে না।

শংকরাচার্যের মতে—“Education is the realization of the self and attainment of Moksha.” অর্থাৎ, আত্মজ্ঞানের মাধ্যমে মোক্ষলাভই হল শিক্ষা।

পানিনির মতে—“Human Education means the training which one gets from nature.” অর্থাৎ, প্রকৃতি বা পরিবেশের নিকট থেকে মানুষ স্বাভাবিকভাবে যে অভিজ্ঞতা অর্জন করে, তার সমষ্টি হল শিক্ষা।

কৌটিল্যের মতে—“Education means training for the country and love for the nation.” অর্থাৎ, শিক্ষা হল দেশ বা জাতিকে ভালোবাসার প্রশিক্ষণ দেওয়ার কৌশল।

কন্দাদ মতে—“Education means development of self contentment.” অর্থাৎ, শিক্ষা হল এমন একটি প্রক্রিয়া যা ব্যক্তির আত্মতৃপ্তির বিকাশ ঘটায়।

গুরু নানক (Guru Nanak) বলেছেন—“Education is self realization and service of the people. It enables an individual to win victory over the five enemies—lust, anger, greed infatuation and ego.” (kam, krodh, lobh, moh, ahankar). অর্থাৎ, শিক্ষা হল আত্মপালক্ষ এবং মানবসেবা। এটি মানুষকে তার লোভ, ক্রোধ, কাম, মোহ এবং অহংকার—এই পাঁচটি হিন্দ্রিয়কে জয়লাভ করতে সাহায্য করে।

B. শিক্ষা সম্পর্কে আধুনিক ধারণা